

স্মারক নং-৪৬.০৩.২৬০০.৫৪৫.১৪.০০১.২০- ০৬২০

তারিখঃ ০৬/০৭/২০২১খ্রিঃ

- প্রেরক : প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)  
সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- প্রাপক : নির্বাহী প্রকৌশলী  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
..... বিভাগ/জেলা.....।
- বিষয় : “সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের আওতায় বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২১-২২ প্রেরণ প্রসঙ্গে।
- সূত্র : প্রধান প্রকৌশলী, জঃস্বঃপ্রঃঅঃ, বাংলাদেশ সরকার, ঢাকার স্মারক নং-৬২২৯ তারিখঃ-২৮/০৬/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক পত্রের অনুমোদনের প্রেক্ষিতে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ” শীর্ষক প্রকল্পের আওতায় বর্তমান অর্থবছরের (২০২১-২০২২) জন্য ইউনিয়ন প্রতি ২৬টি একক পানির উৎস বরাদ্দ এতদসঙ্গে প্রেরণ করা হলো। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় বরাদ্দকৃত নলকূপের ৫০% স্থান সংশ্লিষ্ট এলাকার মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট স্থান ইউনিয়ন ওয়াটস্যন (WATSAN) কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যন (WATSAN) কমিটির স্থান তালিকা উপজেলা ওয়াটস্যন (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত হবে।

২। বিগত অর্থ বছরে যে সকল উপজেলায় বরাদ্দকৃত পানির উৎসে মাত্রাতিরিক্ত আর্সেনিক ও আয়রনের উপস্থিতি পাওয়া গিয়েছে সে সকল জেলায় পানির উৎস স্থাপন কাজের প্রাক্কলনের সহিত মোট পানির উৎসের ৩%-৫% RO/SONO FILTER /MINI AIRP ধরে (অধিদপ্তরীয় কারিগরী কমিটির সিদ্ধান্ত মোতাবেক) প্রাক্কলন প্রস্তুত করতে হবে এবং উক্ত আইটেমের দর Fixed রাখতে হবে। Water Quality Monitoring Surveillance Protocal For Rural Water Supply অনুযায়ী পানিতে আর্সেনিক ও আয়রনের মাত্রা কেবলমাত্র সহনশীলমাত্রার অতিরিক্ত হলে প্রকল্প কার্যালয় থেকে অনুমোদন সাপেক্ষে RO/SONO FILTER /MINI AIRP স্থাপন করতে হবে।

৩। সাবমারসিবল পাম্পযুক্ত পানির উৎসের নিম্নের দফাগুলির (২৫ মি.মি. ডায়া পাইপ, ১৯ মি.মি. ডায়া পাইপ, ২৫ মি.মি. ডায়া গেট ভাল্ব, ক্লাম্প, এলবু, টি, ১২ মি.মি. প্লাস্টিক বিবকক ইত্যাদি) ড্রয়িং মোতাবেক যে পরিমাণ প্রয়োজন ঠিক সেই পরিমাণ ধরে প্রাক্কলন প্রস্তুত করতে হবে যাতে পানির উৎস স্থাপন শেষে উক্ত কাজের কোন সংশোধিত প্রাক্কলন অনুমোদন করতে না হয়।

৪। ইতিপূর্বে প্রেরিত রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম ও কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন কাজ এবং বরাদ্দকৃত বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন কাজের প্রাক্কলন নিঃস্বাক্ষরকারী কর্তৃক অনুমোদন পূর্বক দরপত্র আহবান করার জন্য অনুরোধ করা হলো।

৫। বরাদ্দকৃত নলকূপ সমূহ সংযুক্ত মুখবন্ধ, বরাদ্দপত্র ইত্যাদি অনুসারে দরপত্র আহবানসহ আনুষঙ্গিক কার্যাবলী সম্পন্ন করনের জন্য নির্দেশ প্রদান করা হলো। বর্ণিত প্রকল্পটি জনগুরুত্বপূর্ণ ও অগ্রাধিকার সম্পন্ন বিধায় বিশেষ গুরুত্ব সহকারে এর কার্যক্রম সম্পন্ন করার জন্যও নির্দেশ প্রদান করা হলো।

- সংযুক্তি : ক) মুখবন্ধ ও নীতিমালা।  
খ) বরাদ্দপত্র।

(তুষার মোহন সাধু খাঁ)  
প্রকল্প পরিচালক(অঃপ্রঃপ্রঃ)

সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প, ঢাকা।

তারিখঃ ০৬/০৭/২০২১খ্রিঃ

স্মারক নং-৪৬.০৩.২৬০০.৫৪৫.১৪.০০১.২০- ০৬২০/৬৪ (০৫)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।  
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (পূর্ত/পরিকল্পনা/পানিসম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।  
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর .....সার্কেল .....।  
৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা/কার্যসূচী ও সমন্বয় বিভাগ/প্রোকিউরমেন্ট ইউনিট, ঢাকা।

(তুষার মোহন সাধু খাঁ)  
প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ)